উপস্থিত ঃ- মোঃ হাসান জামান, সিনিয়র সহকারী জজ

আদেশ নং-৫৭

তারিখ- ২৪/০৭/২০২২ ইং

অদ্য একতরফা আদেশের জন্য দিন ধার্য আছে।

বাদীপক্ষ অনুপস্থিত।

অতপর নথি আদেশের জন্য নেওয়া হলো। নথি পর্যালোচনায় দেখা যায়, বাদী আরজি তফসিল বর্নিত নালিশী কবলা সংশোধনের এবং স্বত্বের ঘোষনার ডিক্রীর প্রার্থনায় ১-২০ নং বিবাদীদের বিরুদ্ধে অত্র মামলা আনয়ন করেছেন।

১-২০ নং বিবাদীর প্রতি সমন সঠিকভাবে জারি হলেও তারা অত্র মামলায় হাজির হতে ব্যর্থ হয়। যার প্রেক্ষিতে বিগত ২৩/১১/২০১৬ ইং তারিখের ১৪ নং আদেশমূলে তাদের বিরুদ্ধে এক-তরফা শুনানীর জন্য ধার্য হয়।

অত্র মামলা প্রমানের জন্য বাদীপক্ষে বাদী **আবুল কাসেম মোঃ হোসাইন প্রঃ আ.ক.ম হোসাইন P.W.-1 ও মোঃ হোসেন P.W.-2** হিসাবে সাক্ষ্য প্রদান করেছেন। বাদীপক্ষ দাবির সমর্থনে নিম্মবর্নিত কাগজাদি দাখিল করেন।

১। চরলক্ষ্যা মৌজার আর এস , ৮৬, ৮৮ ও ৩৭৪ নং খতিয়ান এর সিসি প্রদ-১ সিরিজ

২। বি এস ১১০১, ৯৪৩ ও ৯৩৮ নং খতিয়ান এর জাবেদা নকল যা প্রদর্শনী- ২ সিরিজ

২। ২৪/০৬/১৯৮৯ ইং তারিখের ৩৪৪৩ নং কবলার সি.সি প্রদ- ৩

৪। ওয়ারীশ সনদপত্র প্রদ- ৪ হিসাবে চিহ্নিত হলো।

**আবুল কাসেম মোঃ হোসাইন প্রঃ আ.ক.ম হোসাইন P.W.-1 ও মোঃ হোসেন P.W.-2** এর গৃহীত জবানবন্দি, নথি ও দাখিলকৃত কাগজাদি (প্রদর্শনী ১-৪) দেখলাম এবং পর্যালোচনা করলাম। সার্বিক পর্যালোচনায় বাদীপক্ষের নালিশী খতিয়ানভুক্ত সম্পত্তিতে স্বত্ব, স্বার্থ ও দখল রহিয়াছে মর্মে প্রতীয়মান হয়।

এমতাবস্থায় বাদীপক্ষ অত্র মোকদ্দমা প্রমাণ করতে সক্ষম হয়েছে বলে আমি মনে করি। সুতরাং বাদীপক্ষ তাদের প্রার্থীত প্রতিকার পেতে হকদার।

প্রদত্ত কোর্ট ফি সঠিক।

অতএব,

আদেশ হয় যে,

ঘোষনামূলক ও দলিল সংশোধনের প্রার্থনায় আনীত অত্র মোকদ্দমা ১-২০ নং বিবাদীপক্ষের বিরুদ্ধে এক-তরফাসূত্রে বিনাখরচায় ডিক্রি প্রদান করা হলো।

এই মর্মে ঘোষনা করা যাচ্ছে, আরজির **'খ'** তফসিল বর্ণিত **১০.৩৬৫ শতক ভূ**মিতে বাদীর উত্তম ও অপরাজেয় স্বত্ব রহিয়াছে ।

এতদ্বারা **১-১৬** নং বিবাদীদের পূর্ববর্তী দাতা গোলাম ছোবহান প্রকাশ কালা মিয়া সওদাগর কর্তৃক গ্রহীতা- বাদী আবুল কাসেম মোহাম্মদ হোসাইন এর অনুকূলে সম্পাদিত সদর সাব-রেজিস্ট্রি অফিস, চট্টগ্রাম গত ২৪/০৬/১৯৮৯ খ্রিঃ তারিখে রেজিস্ট্রিকৃত ৩৪৪৭ নম্বর বিক্রয় কবলা দলিলের তফসিলে আর এস জরিপের ১৪০৭ নং খতিয়ান স্থলে **৩৭৪ নং খতিয়ান** এবং আমার পারিবারিক আপোষ বন্টনমতে আমার একা প্রাপ্ত চিহ্নিত দখলী আর এস ২৫৮৩ ও ২৬০৭ নম্বর দাগের সাথে **২৫৭৫ দাগ** এবং বি এস ৪৮৭৫ ও ৪৮৭৩ দাগের সা**থে ৪৮৭৭ নং দাগ** সংযুক্তক্রমে লিপিবদ্ধ করে উক্ত মূল দলিলটি সংশোধন করার (বাদীপক্ষ কর্তৃক সংশিষ্ট সাব-রেজিস্ট্রারের নিকট উপস্থাপন সাপেক্ষে) এবং তৎকারণে উক্ত দলিল **সংশিষ্ট *১৯৮৯ খ্রিস্টাব্দের বই নং-২ এর ১২০ নম্বর ভলিয়মের* সংশিষ্ট *১২০-১২৪* পৃষ্ঠায়** প্রয়োজনীয় সংশোধনী আনয়ন করার জন্য জেলা রেজিস্ট্রার, কোর্ট বিল্ডিং, চট্টগ্রাম কে নির্দেশ দেওয়া হলো।

আরজীর সত্যায়িত ফটোকপিসহ অত্র ডিক্রির অনুলিপি অবগতি ও কার্যার্থে জেলা রেজিস্ট্রার, কোর্ট বিল্ডিং, চট্টগ্রাম এবং সাব-রেজিস্ট্রার, সদর সাব-রেজিষ্ট্রি অফিস, চট্টগ্রাম বরাবর প্রেরণ করা হোক।

আমার স্বহস্তে লিখিত ও সংশোধিত

(মোঃ হাসান জামান)
সিনিয়র সহকারী জজ
সিনিয়র সহকারী জজ, ২য় আদালত,
পটিয়া, চট্টগ্রাম

(মোঃ হাসান জামান)
সিনিয়র সহকারী জজ
সিনিয়র সহকারী জজ, ২য় আদালত,
পটিয়া, চট্টগ্রাম